



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮

(প্রেস বিজ্ঞপ্তি)

তারিখ: ২০ অক্টোবর ২০২৪খ্রি.

এডিস মশা প্রতিরোধ ও ফুটপাথের অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনা করে চসিক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে রোববার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা ও স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন এবং চট্টগ্রাম জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ ইসরাফিল জাহানের নেতৃত্বে নগরীতে পৃথক-পৃথক অভিযান পরিচালিত হয়।

চসিক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা পরিচালিত অভিযানে নগরীর পাঠানটুলীস্থ চৌমুহনী মোড় এলাকায় রাস্তা ও ফুটপাথে দোকান বসিয়ে জন দুর্ভোগ সৃষ্টি করায় প্রায় ৫০ টি অবৈধ দোকান উচ্ছেদ করা হয়। এছাড়া দোকানের সামনের অংশ বর্ধিত করে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা সহ অপরিচ্ছন্ন পরিবেশে খাবার বিক্রি করার দায়ে ৫ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

স্পেশালে ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অভিযানে খুলশী থানায় নাসিরাবাদ প্রপার্টিজ আবাসিক এলাকার বিভিন্ন বাড়ির আঙিনা ও ছাদবাগান পরিদর্শন করা হয়। এই সময় একটি নির্মাণাধীন ভবনে জমাটবদ্ধ পানিতে এডিস মশার লার্ভার উৎস পাওয়ায় ভবন মালিককে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

চট্টগ্রাম জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ ইসরাফিল জাহান পরিচালিত অভিযানে কল্ললোক আবাসিক এলাকায় বিভিন্ন বাড়িতে এডিস মশার লার্ভা পাওয়ায় ৩ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮